গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা
www.doict.rowangchhari.bandarban.gov.bd

## আইসিটি বিষয়ক উপজেলা কমিটির অক্টোবর/২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : তাজমিন আলম তুলি
উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ : ২১ অক্টোবর ২০২৫
সভার সময় : সকাল- ১০.৩০ টা
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|
| ১ | **আইসিটি বিষয়ক সভা সংক্রান্ত:** সভার নোটিশ ও কার্যবিবরণী নথি সিস্টেম এবং ই-মেইলে প্রেরণের বিষয়ে সদস্য সচিব প্রস্তাব দেন। | ক) সভার নোটিশ ও কার্যবিবরণী নথি সিস্টেম ও ই-মেইলে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২ | **তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত:** উপজেলা সকল দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করেন। রোয়াংছড়ি উপজেলা তথ্য বাতায়নসহ ৪টি দপ্তর শতভাগ হালনাগাদ রয়েছে। শতভাগ অসম্পূর্ণ দপ্তরসমূহ ও ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়ন শতভাগ হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ক) সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। অসম্পূর্ণতার ভিত্তিতে উপজেলা দপ্তরসমূহ ও ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়ন শতভাগ হালনাগাদ করার জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। ইউপি সচিব (সকল) |
| ৩ | **ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত:** সরকারি দপ্তরসমূহে ডি-নথি কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। ডি-নথি সিস্টেমে মাধ্যমে আগত পত্র সিস্টেমের মাধ্যমে প্রক্রিয়াকরণ এবং পত্রজারীর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। রোয়াংছড়ি উপজেলায় মোট ডি-নথি ব্যবহারকারী অফিস সংখ্যা ১৮ টি। নিজ দাপ্তরিক কার্যক্রম ডি-নথিতে পরিচালনা করার জন্য সভাপতি সকলকে অনুরোধ জানান। | ক) সকল সরকারি অফিসে ডি-নথি সিস্টেম ব্যবহারের মাধ্যমে পত্রজারীসহ দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে উপজেলা আইসিটি অফিসার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।<br>খ) অনিষ্পন্ন ডাক ও নথিসমূহ যথাসময়ে নিষ্পন্ন করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **মাল্টিমিডিয়া ক্লাশরুম সংক্রান্ত:** সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুমসমূহ নিয়মিত চালু রাখা এবং আরও ফলপ্রসু করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। রোয়াংছড়ি উপজেলায় রোয়াংছড়ি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০১টি, রোয়াংছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়ে ০১টি এবং রোয়াংছড়ি কলেজে ০১টি, মোট ০৩(তিন)টি মাল্টিমিডিয়া ক্লাশরুম রয়েছে। প্রতিমাসে মাল্টিমিডিয়া ক্লাশের রিপোর্ট প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে গুরুত্ব দেয়া হয়। | ক) সংশ্লিষ্ট সকল সদস্যকে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাশ পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) এমএমসি ক্লাসের রুটিন অনুযায়ী নিয়মিত ক্লাস পরিচালনা করতে হবে। প্রতিমাসের ৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করেন। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। সহকারী প্রোগ্রামার<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ৫ | **আইসিটি ডিজিটাল ল্যাব ও অন্যান্য ল্যাব সংক্রান্ত:** রোয়াংছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়ে আইসিটি অধিদপ্তর কর্তৃক ১ টি আইসিটি ডিজিটাল ল্যাব এবং শিক্ষামন্ত্রনালয় কর্তৃক ১ টি আইএলসি ল্যাব রয়েছে।<br>ল্যাবসমূহের যথাযথ ব্যবহার পরিবীক্ষনের জন্য সহকারী প্রোগ্রামার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ক) চুক্তিনামা ও 'কম্পিউটার ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২' অনুযায়ী ল্যাব পরিচালনার ও শিক্ষার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থাসহ ল্যাবের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>খ) ল্যাবে স্টক রেজিস্টার, পরিদর্শন রেজিস্টার, ছাত্র-ছাত্রী ও শিক্ষক ব্যবহার রেজিস্টারসহ অন্যান্য রেজিস্টার রাখতে হবে এবং তা নিয়মিত আপডেট করতে হবে।<br>গ) ল্যাবের নষ্ট কম্পিউটার সামগ্রী মেরামত ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। উপজেলা শিক্ষা অফিসার<br>৪। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (সকল)।<br>৪। সংশ্লিষ্ট সকল |
| ৬ | **ডিজিটাল সেন্টার সংক্রান্ত:** ইউডিসি'র দৈনিক আয় ও সেবা রিপোর্ট একসেবায় নিয়মিত আপলোড করা হয়না মর্মে সভাপতি উদ্বেগ প্রকাশ করেন। এ বিষয়ে ইউপি চেয়ারম্যান ও সচিবদের মনিটরিং বৃদ্ধি করার অনুরোধ করেন। উপজেলা আইসিটি সংক্রান্ত কমিটির সভায় ইউডিসি'র উদ্যোক্তাদের উপস্থিতির বিষয় নিয়ে আলোচনা করা হয়। নভেম্বর/২০২৫ মাসের ইডিসির একসেবায় উদ্যোক্তাদের মোট আয় ৩৯৬৬ টাকা। | ক) ইউডিসি'র দৈনিক আয় ও সেবা রিপোর্ট একসেবা uddokta.eksheba.gov.bd এ নিয়মিত আপলোড করতে হবে।<br>খ) ইউডিসি উদ্যোক্তাদের কার্যক্রম তদারকি এবং একসেবায় নিয়মিত আয়ের রিপোর্ট আপলোড পরিবীক্ষণ করতে হবে।<br>গ) উপজেলা আইসিটি কমিটির সভায় ইউডিসি'র উদ্যোক্তাগণকে একসেবার মাসিক রিপোর্টসহ সভায় উপস্থিত হতে হবে। | ১। ইউপি চেয়ারম্যান/সচিব (সকল)<br>২। উদ্যোক্তা (সকল)<br>৩। সংশ্লিষ্ট সকল |
| ৭ | **বিবিধ:**<br>**ক) ইডিসি প্রকল্প:**(ডিসেম্বর ২০২১-নভেম্বর ২০২৬) প্রান্তিক পর্যায়ে ইন্টারনেট সংযোগের তালিকা (স্টেকহোল্ডার অনুযায়ী), ISP's (Plusnet Incorporation) এর মাধ্যমে রোয়াংছড়ি উপজেলায় সরকারী সংস্থায় ০১টি, প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ৬২টি, ভূমি সংস্কার বোর্ড ০১টি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ০২টি, স্বাস্থ্য সেবা অধিদপ্তরে ১০টি মোট =৭৬টি ইন্টারনেট সংযোগ স্থাপন করা হবে।<br>**খ) কানেক্টেড বাংলাদেশ প্রকল্প** : (জুলাই ২০১৮ - জুন ২০২৫) কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের আওতায় রোয়াংছড়ি উপজেলায় ৩ টি ইউনিয়নে (রোয়াংছড়ি সদর, আলেক্ষং, নোয়াপতং) কার্যক্রম চলমান রয়েছে। | ক) EDC প্রকল্পের ইন্টারনেট সংযোগ স্থাপন কার্যক্রম নিয়মিত তদারকি অব্যহত রাখতে হবে।<br><br>খ) Duct Pipe & Handhole কাজ চলমান রয়েছে। | সংশ্লিষ্ট সকল |

উপস্থিত সকলের প্রতি আন্তরিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

তাজমিন আলম তুলি
উপজেলা নির্বাহী অফিসার
রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা
ফোন:০১৫৫০০০৭১৮২
ই-মেইল: unorwowangchari@mopa.gov.bd

নম্বর ৫৬.০৪.০৩৮৯.০০০.০০০.০৬.০০০২.২৪ তারিখ ০৫ কার্তিক ১৪৩২
১৯ অক্টোবর ২০২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
৫। সহকারী কমিশনার, (ভূমি), রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
৬। উপজেরা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
৭। উপজেলা কৃষি অফিসার, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
৮। উপজেলা মৎস্য কর্মকর্তা, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
৯। উপজেলা সমাজসেবা অফিসার, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১০। উপজেলা থানা কর্মকর্তা, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১২। জেলা আইসিটি অফিসার, বান্দরবান, বান্দরবান পার্বত্য জেলা।।
১৩। সহকারী প্রকৌশলী, বিটিসিএল, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১৫। উপজেলা শিক্ষা অফিসার, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১৬। প্রধান শিক্ষক, বেক্ষং নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১৭। পরিচালক, মুদিতা কম্পিউটার ট্রেনিং সেন্টার, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১৮। উদ্যোক্তা (সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টার, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১৯। ..........................................................................., (সংশ্লিষ্ট সকল), রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।।

19.10.2025
মোহাম্মদ ছুরত আলম
সহকারী প্রোগ্রামার (অ.দা.) ও সদস্য সচিব,
আইসিটি বিষয়ক উপজেলা কমিটি